

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৩৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن) وَعَنْ عبد الله بن عمرو بن العاص رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَامَ بِعَشْرِ آيَاتٍ لَمْ يُكْتَبْ مِنْ الْغَافِلِينَ وَمَنْ قَامَ بِمِائَةِ آيةٍ كُتِبَ مِنْ الْفَافِلِينَ وَمَنْ قَامَ بِمَائَةِ آيةٍ كُتِبَ مِنْ الْمُقَنْطِرِينَ. رواه أبو داود وابن خزيمة

বাংলা

৬৩৯. (হাসান সহীহ) আবদুল্লাহ বিন আমর বিন আ'স (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

"যে ব্যক্তি দশটি আয়াত পড়ে কিয়ামুল্লাইল করবে তার নাম গাফেল-উদাসীনদের অন্তর্ভুক্ত করা হবে না। আর যে ব্যক্তি একশতটি আয়াত পড়ে কিয়ামুল্লাইল করবে তার নাম কানেতীনদের[1] অন্তর্ভুক্ত করা হবে। আর যে ব্যক্তি এক হাজারটি আয়াত দ্বারা কিয়ামুল্লাইল করবে তার নাম মুকান্তেরীণদের[2] মধ্যে লিখা হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ, ইবনে খুযায়মা)

(হাফেয মুন্যেরী বলেনঃ তাবারাকাল্লায়ী বিইয়াদিহিল মুলকু.. থেকে শেষ পর্যন্ত এক হাজার আয়াত। আল্লাহই অধিক জ্ঞান রাখেন।)

ফুটনোট

- [1] . যারা সালাত, দু'আ, কিয়ামুল্লায়ল প্রভৃতির মাধ্যমে একনিষ্ট ও বিনয়ীভাবে ইবাদত করবে তাদেরকে কানেতীন বলা হয়।
- [2] . যাদেরকে বিপুল পরিমাণ প্রতিদান প্রদান করা হয় তাদেরকে মুকান্তেরীণ বলা হয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন